ঝিনাইদহে আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালিত

ঝিনাইদহে আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালিত হয়েছে।

বুধবার (১০ ডিসেম্বর) সকাল ১০ টায় জেলা শহরের পুরাতন ডিসি কোর্ট চত্ত্বর হতে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রায় ওয়েল ফেয়ার এফোর্স, গোল্ডেন ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন, শেল্টার সমাজ কল্যাণ সংস্থা, শোভা, ডাস সংস্থা সহ বিভিন্ন শ্রেণির মানুষের অংশ নেন।

মানবাধিকার কর্মী বাবলু কুণ্ডুর সঞ্চালনায় মানববন্ধন কর্মসুচীতে বক্তব্য রাখেন ইউনিয়ন জে এফ কর্মী আসমা সুলতানা, ইমাম আব্দুল্লা আল হাবিব, উপজেলা জে এফ সভাপতি জার্নালিস্ট ময়না খাতুন, সালেহা খাতুন, ওয়েল ফেয়ার এফোর্টস প্রতিনিধি সাবদার হোসেন, হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের প্রতিনিধি শিপন ঘোষ, গোল্ডেন ওয়েল ফেয়ারের নির্বাহী পিরচালক চন্দন বসু মুক্ত, শেল্টার সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক রোমেনা বেগম, উপ-পরিচালক রেজা- উন, কামরুজামান পিন্টু, জেলা রিপোর্টার্স ইউনিটের সভাপতি এম এ কবীর,ডাস এর নির্বাহী পরিচালক আবুল কালাম আজাদ, সাবেক খুলনা মেডিকেল কলেজের পরিচলক ডা: মুন্সী রেজা সেকেন্দার, মানবাধিকার বাস্তবায়ন সংস্থার ঝিনাইদহ জেলা শাখার সাধারন সম্পাদক হাফিজুর রহমান ও উপজেলা শাখার সভাপতি আহম্মেদ হোসেন প্রমুখ।

হরিণাকুণ্ডুর নবগত নির্বাহী অফিসারের সাথে মতবিনিময় সভা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার নবাগত নির্বাহী অফিসার দিদারুল আলমের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৯ ডিসেম্বর) সকাল সাড়ে ১১টায় উপজেলা মিলনায়তনে এসভা অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ঈশিতা আক্তার, উপজেলা জামায়াতের আমীর বাবুল আক্তার, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, উপজেলা গণঅধিকার পরিষদের আহবায়ক আমর বিন মারুফ জিতু, জামায়াতের সেক্রেটারী ইদ্রিস আলী, উপজেলা রিপোর্টাস ইউনিটের সভাপতি মখলেছুর রহমান লাড্ডু, প্রেসক্লাবের সভাপতি আব্দুস সামাদ, সিনিয়র সাংবাদিক মাহবুব মুর্শেদ শাহীন, ইত্তেফাক প্রতিনিধি শাহানুর আলম, ফলসী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অ্যাড. বজলুরর রহমান, কাপাশহাটীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শরাফত দৌলা, ভায়না ইউনিয়নের চেয়ারম্যান নাজমুল হুদা তুষার, জোড়াদহ ইউনিয়নের চেয়ারম্যান বাবু মিয়া, তাহেরহুদা ইউনিয়নের চেয়ারম্যান মুনজুর রাশেদ, দৌলতপুর ইউনিয়নের চেয়ারম্যান আবুল কালাম আজাদ, রঘুনাথপুর ইউনিয়নের চেয়ারম্যান বসির উদ্দীন প্রমূখ। এসময় বক্তারা উপজেলার সমস্যা, বাল্যবিবাহ, মাদকের ভয়াবহতা, চুরি ডাকাতি ও আইন-শৃঙ্খলার অবনতি সম্পর্কে তুলে ধরেণ। এছাড়া উপজেলার কৃষি, শিক্ষা, স্বাস্থ্য ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন নিয়ে বক্তাগণ বক্তব্য রাখেন। এসময় উপজেলা নির্বাহী অফিসার উপজেলার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রন, মাদক ও বাল্যবিবাহ রোধসহ সকল উন্নয়ন কর্মকান্ডে সকলের সহযোগীতা কামনা করেণ।

ঝিনাইদহে অবৈধ স্থাপনা উচ্ছেদ ও পরিচ্ছন্নতা অভিযান

পরিচ্ছন্ন জেলা গড়তে এবং জনদুর্ভোগ কমাতে ঝিনাইদহে মহাসড়কের পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদ ও পরিচ্ছন্নতা অভিযান শুরু হয়েছে।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) সকাল ১০টায় জেলা শহরের চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড এলাকায় এ অভিযানের উদ্বোধন করেন ঝিনাইদহে স্থানীয়র সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়।

জেলা প্রশাসন ও সড়ক বিভাগের উদ্যোগে স্কাউটের সহযোগীতায় শহরের চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড থেকে শুরু করে আরাপপুর জামতলা হয়ে আরাপপুর মোড়, পাগলা কানাই সড়ক, চুয়াডাঙ্গা সড়কসহ শহরের বিভিন্ন

স্থানে পরিচ্ছন্ন অভিযান করা হয়। এ সময় মহাসড়কের পাশে থাকা কাঠের গুড়ির ভাগাড়, বালুর স্তুপ সহ অস্থায়ী অবকাঠামো অপসারণ করা হয়।

স্থানীয় সরকার বিভাগের বিভাগের উপপরিচালক রথীন্দ্র নাথ রায় বলেন, জনভোগান্তি নিরসন ও পরিচ্ছন্ন জেলা গড়তে এ অভিযান অব্যাহত থাকবে। সড়ক-মহাসড়কের পাশে কোন অবৈধ স্থাপনা ও সামগ্রী রাখা থেকে জনগনকে বিরত থাকতে হবে। শহরটি সবার, সবাই মিলে শহরকে সুন্দর রাখার চেষ্টা করা উচিত।

ঝিনাইদহে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত

‘দুর্নীতির বিরুদ্ধে তারুণ্যের একতা: গড়বে আগামীর শুদ্ধতা’ এ প্রতিপাদ্যে ঝিনাইদহে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত হয়েছে। দুর্নীতি দমন কমিশন ঝিনাইদহ সমন্বিত জেলা কার্যালয়ের আয়োজনে এ দিবস পালিত হয়।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) সকাল ১০টায় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে জাতীয় সংগীতের পরিবেশনের মধ্যদিয়ে দিবসের কার্যক্রম শুরু হয়। এসময় জাতীয় পতাকা ও দুদকের পতাকা উত্তোলন ও বেলুন উড়িয়ে দিবসের উদ্বোধন করেন জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ। পরে দিবস উপলক্ষে র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে দুদকের আঞ্চলিক কার্যালয়ের সামনে গিয়ে মানববন্ধনে মিলিত হয়।

মানববন্ধনে ব্যানার ফেস্টুন নিয়ে সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেন। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ, পুলিশ সুপার মাহফুজ আফজাল, দুদকের উপ-পরিচালক তরুন কান্তি ঘোষ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা হোসনেআরা সহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এ সময় জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ বলেন, সকলকে নিজ নিজ

অবস্থান থেকে দুর্নীতিকে “না” বলার আহ্বান জানান এবং শিক্ষাপ্রতিষ্ঠানসহ সর্বস্তরে দুর্নীতিবিরোধী সচেতনতা ছড়িয়ে দেওয়ার ওপর গুরুত্বারোপ করেন।

কোটচাঁদপুরের কিডনি রোগে ভবিষ্যৎ অনিশ্চিত সাহেব আলীর

পিতা কিডনি রোগে আক্রান্ত হওয়ায় ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে মেয়ে সানজিদা আক্তার ও ছেলে আরাফাত হোসেনের। গত ৬ মাসের চিকিৎসায় সঞ্চয়ের সবটুকু শেষ করে এখন সহায়তার জন্য গ্রাম-গঞ্জে ঘুরছেন সাহেব আলী-শাহনাজ দম্পতি। সামান্য সহায়তা পেলে ফিরে পেতে পারেন স্বাভাবিক জীবন। সব বুঝতে না পারলেও শিশু দুইটিও ঘুরছে পিতা-মাতার সঙ্গেই। ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার গালিমপুর গ্রামের বাসিন্দা এ দম্পতি।

জানা যায়, ফয়েজ উদ্দিনের ৫ ছেলে-মেয়ের মধ্যে সাহেব আলী সবার বড়। বয়স মাত্র ৩০ হলেও রোগে আক্রান্ত হয়ে চোখে-মুখে বয়সের ছাপ পড়েছে। প্রায় ৮ বছর আগে শাহনাজের সঙ্গে বিয়ে হয় তাঁর। সংসারে দুই সন্তান মেয়ে সানজিদা আক্তার (৫) ও ছেলে আরাফাত হোসেন (৩)।

দিনমজুরের কাজ করেই চলত তাদের সংসার। যা কিছু সঞ্চয় করেছিলেন, গত ৬ মাসের চিকিৎসায় সবই শেষ। এখন সংসার চলছে অন্যের সহায়তায়। থেমে গেছে সাহেব আলীর চিকিৎসা, থেমে গেছে শিশু দুইটির পড়াশোনা। সহায়তার আশায় পিতা-মাতার সঙ্গে গ্রাম-গঞ্জে ঘুরছে শিশুরাও। তারা জানে না পিতার অসুস্থতার কথা শুধু দেখছে পিতা একটানা মন খারাপ করে বসে থাকে। আগে যেভাবে খাবার বা নতুন জামাকাপড় এনে দিতেন, এখন আর তা পারেন না। এতে শিশুদের মনও খারাপ হয়ে থাকে।

সাহেব আলী বলেন, ৬ মাস হলো কিডনি রোগ ধরা পড়েছে। এরপর যশোর, ঢাকার ন্যাশনাল হাসপাতাল ও পিজিতে চিকিৎসা নিয়েছি। ৬ মাসে যা ছিল সব শেষ হয়ে গেছে। এখন সপ্তাহে দুইবার ডায়ালাইসিস করতে হয়। খরচ ৮-১০ হাজার টাকা। ওপর থেকে স্ত্রী ও দুই সন্তান। আপনাদের সহায়তা পেলে হয়তো আবার জীবন ফিরে পেতে পারি, আমার সন্তানদেরও বাঁচার

নিশ্চয়তা মিলতে পারে।

তাঁর পিতা ফয়েজ উদ্দিন বলেন, আমার ৫ ছেলে-মেয়ে। আবাদযোগ্য জমি নেই, শুধু বসতভিটা। যা সঞ্চয় ছিল সব তাঁর চিকিৎসায় খরচ হয়েছে। আপনাদের সহায়তায় আমার ছেলে স্বাভাবিক জীবনে ফিরে যেতে পারে, বাঁচবে তার সংসার।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা বশির আহম্মেদ বলেন, কিডনি রোগে আক্রান্ত ডায়ালাইসিস হওয়া রোগীদের জন্য এ অফিস থেকে এককালীন ৫০ হাজার টাকা সহায়তার ব্যবস্থা আছে। ভুক্তভোগীকে আবেদন করতে হবে। এরপর যাচাই-বাছাই করে ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে মহিলা দলের নির্বাচনী উঠান বৈঠক অনুষ্ঠিত

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ঝিনাইদহে নির্বাচনী উঠান বৈঠক করেছে মহিলাদল। সোমবার সকালে সদর উপজেলার পৈলানপুর গ্রামে হরিশংকরপুর ইউনিয়ন মহিলাদলের উদ্যোগে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ, সহ-সভাপতি অ্যাডভোকেট মুন্সী কামাল আজাদ পান্নু, ইঞ্জিনিয়ার আসাদুর রহমান চৌধুরী, জেলা মহিলা দলের সভাপতি অধ্যক্ষ কামরুন নাহার লিজি, জেলা বিএনপির সহ দপ্তর সম্পাদক সাকিব আহম্মেদ বাপ্পি, ইউনিয়ন মহিলাদলের আহবায়ক লিসা খানসহ অন্যরা বক্তব্য রাখেন।

উঠান বৈঠকে বক্তারা বলেন, আসন্ন জাতীয় নির্বাচন গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার ফিরিয়ে আনার নির্বাচন। এ জন্য তারা তৃণমূলের নেতাকর্মীদের আরও সংগঠিত হতে হবে। তাই আগামী নির্বাচনে বিএনপিকে রাষ্ট্রক্ষমতায় আনতে ধানের শীষ প্রতীকে ভোট দেওয়ার আহবান জানান।

ঝিনাইদহে ছোট ভায়ের বটির আঘাতে বড় ভাই নিহত

পারিবারিক দ্বন্দ্বের জেরে ঝিনাইদহ সদর উপজেলায় ছোট ভাই জুয়েলের বটির আঘাতে বড় ভাই সোহেল (৪০) নিহত হয়েছে।

বরিবার (৭ ডিসেম্বর) দুপুরে গান্না ইউনিয়নের বেতাই গ্রামে এই ঘটনা ঘটে। নিহত সোহেল এবং জুয়েল ওই গ্রামের শফি মন্ডলের ছেলে।

স্বজনদের কাছ থেকে জানাযায়, নিহত সোহেলের ছোট ভাই জুয়েল দীর্ঘদিন প্রবাসে ছিলেন। তিনি দীঘদিন যে টাকা পাঠিয়েছেন তা বড় ভাই সংসার চালাতে ও বড়-ঘর করে খরচ করে ফেলেছেন। গত দুইমাস আগে ছোট ভাই দেশে ফিরে এসব হিসাব নিয়ে বড় ভায়ের সাথে বাগ-বিতন্ডে জড়িয়ে পড়ে। এর মধ্যে ছোট ভাই পৃথক হয়ে টাকা পয়সার হিসাব চাইতে গেলে তাদের মধ্যে বিরোধ তৈরি হয়।

এসব নিয়ে রবিবার সকাল থেকে দুই ভায়ের মধ্যে সংঘাত শুরু হয়।

পরে বড় ভাই সোহেল বটি দিয়ে ছোট ভাইকে আঘাত করার উদ্দ্যেশে ছুড়ে মারলে ওই বটি তুলে ছোট ভাই জুয়েল বড় ভায়ের উদ্দেশ্যে ছুড়ে মারে তখন বড় ভায়ের ঘাড়ে লেগে বড় ভাই রক্তাক্ত জখম হয়।

পরে তাকে ঝিনাইদহ সদর হসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেণ।

এবিষয়ে ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল্লাহ আল মামুন ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আমি ঘটনা শুনার সাথে সাথে পুলিশ পাঠিয়েছি। এটা পারিবারিক ঘটনা এজন্য প্রথমত কেউ বুঝতে পারেনি। মামলার আলোকে আসামী গ্রেপ্তারসহ তার বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহন করা হবে।

ঝিনাইদহে বসুন্ধরা শুভ সংঘের পরিচিতি সভা ও পিঠা উৎসব

‘শুভ কাজে সবার পাশে’ এই শ্লোগানে ঝিনাইদহ বসুন্ধরা শুভসংঘের নবনির্বাচিত কমিটির পরিচিতি সভা ও পিঠা উৎসব অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (৭ডিসেম্বর) বিকালে শহরের ফজর আলী গালর্স স্কুল এন্ড কলেজ মিলিনয়তনে এই সভা অনুষ্ঠিত হয়।

জেলা শুভসংঘের সভাপতি রেজাউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন শুভসংঘের উপদেষ্টা পরিষদের সদস্য অধ্যক্ষ প্রদীপ কুমার বিশ্বাস, আব্দুল মতিন, অধ্যক্ষ জয়া রাণী চন্দ, সিনিয়র সহ সভাপতি সহকারী অধ্যাপক মোঃ শাহানুর আলম, সহকারী অধ্যাপক (অব:) কে এম সালেহ প্রমূখ। এসময় আরও উপস্থিত চিলেন সহসভাপতি সরস্বতী সাহা, তাপস কুমার কুণ্ডু, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আব্দুল্লাহ, সাংগঠনিক সম্পাদক রুবেল হোসেন, সহসাংগঠনিক সম্পাদক সবুজ আহম্মেদ,দপ্তর সম্পাদক আল নাহিয়ান, নির্বাহী সদস্য খালিদ হাসান ও এখলাছুর রহমানসহ অন্যান্যরা। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন কেয়া রাণী প্রামানিক।

অনুষ্ঠানে পরিচিতি পর্বের পরে আলোচনা সভা ও পিঠা উৎসব অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বক্তাগণ বলেন অতিতের ন্যায় আমাদের শ্লোগাণের সাথে সম্পর্ক রেখে আমাদের কাজ করতে হবে। শুভ কাজে সবাইকে পাশে নিয়ে কাজ করার অঙ্গিকার ব্যক্ত করেণ তারা।

ঝিনাইদহে বিশ্ব মৃত্তিকা দিবস উদযাপন

‘সুস্থ শহরের জন্য স্বাস্থ্যকর মাটি’- এই শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে উদযাপিত হয়েছে বিশ্ব মৃত্তিকা দিবস। রোববার সকালে সদর উপজেলার আলহাজ্ব মশিউর রহমান ডিগ্রি কলেজ মিলনায়তনে এ উপলক্ষে

আলোচনা সভা ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। বিশ্বব্যাংকের অর্থায়নে এবং পিকেএসএফ-এর সহযোগিতায় অনুষ্ঠানটি আয়োজন করে আরআরএফ।

ইকড়া পরিবেশ ক্লাবের সভাপতি সবির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোটচাঁদপুর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ মৃত্তিকা সম্পদ ইনস্টিটিউটের বৈজ্ঞানিক কর্মকর্তা শারমিন রহমান এবং আলহাজ্ব মশিউর রহমান ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোস্তফা শাহিদ। অনুষ্ঠান পরিচালনা করেন এনভায়রনমেন্ট অ্যান্ড আরইসিপি কর্মকর্তা বাপ্পী অধিকারী।

অনুষ্ঠানের শুরুতে কলেজ প্রাঙ্গণ থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে কলেজ প্রাঙ্গণে এসে শেষ হয়। পরে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তারা মাটি সম্পদ রক্ষায় সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। চাষী পর্যায়ে জমি চাষের আগে মাটি পরীক্ষা করে জমির গুণগত মান নির্ণয় এবং সে অনুযায়ী সার ব্যবস্থাপনার ওপর জোর দেন তারা।

আলোচনা সভার শুরুতে শিক্ষার্থীদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

ঝিনাইদহে হানাদার মুক্ত দিবস পালন

শ্রদ্ধা ও ভালবাসায় ঝিনাইদহে পালিত হলো হানাদারমুক্ত দিবস। ১৯৭১ সালের এই দিনে ৬ ডিসেম্বরপাক হানাদার বাহিনীকে পরাজিত করে মুক্তিকামী সাহসী মুক্তিযোদ্ধারা ঝিনাইদহকে মুক্ত ঘোষণা করেন। শনিবার (৬ ডিসেম্বর) সকালে দিনটিকে স্মরণীয় করে রাখতে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে জেলা মুক্তিযোদ্ধা সংসদের উদ্যোগে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।

পরে মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধ প্রাঙ্গণে আলোচনা সভার আয়োজন করা হয়। এতে গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান, ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক এ বি এম খালিদ হাসান, অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া, জেলা মুক্তিযোদ্ধা সংসদ জেলা কমান্ডের আহ্বায়ক আব্দুল মজিদ মাস্টার, যুগ্ম আহ্বায়ক কামালুজ্জামান, জেলা দোকান মালিক সমিতির সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশাসহ অন্যান্য বক্তারা বক্তব্য রাখেন। সেসময় বক্তারা মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে দেশপ্রেমে উজ্জীবিত হওয়ার আহ্বান জানান। তারা বলেন, শহীদদের ত্যাগকে স্মরণ করে প্রজন্মকে দেশ গড়ার কাজে সম্পৃক্ত করতে হবে। স্বাধীনতার চেতনাকে সমুন্নত রাখা এবং মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস নতুন প্রজন্মের কাছে তুলে ধরাই হবে আজকের প্রতিজ্ঞা।